# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৮৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং ক্বিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

## الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر هنا

আরবী

(صحيح) وَعَنْ جَابِر بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسْجِدِنَا وَفِي يَدِهِ عُرْجُونُ فَرَأَى فِي قِبْلَةِ الْمَسْجِدِ نُخَامَةً فَأَقْبَلَ عَلَيْهَا فَحَتَّهَا بِالْعُرْجُونِ ثُمَّ قَالَ أَيُّكُمْ يُحِبُّ أَنْ يُعْرِضَ اللَّهُ عَنْهُ إِنَّ أَحَدَكُمْ إِذَا قَامَ يُصَلِّي فَإِنَّ اللَّهَ قِبَلَ وَجْهِهِ فَلَا يَبْصُقَنَّ قِبَلَ وَجْهِهِ وَلَا عَنْ يَمِينِهِ وَلْيَبْزُقْ عَنْ يَسَارِهِ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى فَإِنْ عَجِلَتْ بِهِ بَادِرَةٌ فَلْيَقُلْ بِثَوْبِهِ هَكَذَا وَوَضَعَهُ عَلَى فِيهِ ثُمَّ دَلَكَهُ. الحديث. رواه أبو داود وغيره

বাংলা

২৮৩. (সহীহ্) জাবের বিন আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা আমাদের মসজিদে আসলেন। সে সময় তাঁর হাতে উরজূন (খেজুর গাছের একটি ডাল) ছিল। মসজিদের ক্বিবলার দিকে তিনি থুথু দেখতে পেলেন। তখন তিনি সেদিকে গেলেন এবং উরজূন ডাল দিয়ে তা ঘষে দিলেন। তারপর বললেনঃ

’’তোমাদের মধ্যে কেউ কি পছন্দ করে যে, আল্লাহ তার থেকে বিমূখ হন? তোমাদের কেউ যখন সালাতে দন্ডায়মান হয়, তখন আল্লাহ তার সামনে থাকেন। সুতরাং সে যেন তার সম্মুখে ও ডান দিকে থুথু নিক্ষেপ না করে। (যদি দরকার হয় তবে) বাম দিকে বাম পায়ের নীচে থুথু নিক্ষেপ করবে। আর যদি কফ বা থুথু দ্রুত এসেই পড়ে তবে স্বীয় কাপড়ে এইভাবে নিক্ষেপ করবে। একথা বলে তিনি নিজের কাপড়ে মুখ রেখে তাতে থুথু ফেললেন, অতঃপর উহা ঘষে দিলেন।

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৪৮৫)[1]

## ফুটনোট

[1] . শাইখ আলবানী (রহ.) বলেন, হাদিসটি মুসলিমেও আছে ৮/২৩২

গুরুত্বপূর্ণ ফায়েদাঃ হাদীছে যে বলা হয়েছেঃ ‘‘আল্লাহ তার চেহারার সম্মুখে আছেন।’’ আগের হাদীছে বলা হয়েছেঃ ‘‘নামাযে আল্লাহ তোমাদের সম্মুখে থাকেন।’’ এসমস্ত কথা কিন্তু ‘আল্লাহ আরশে আছেন’ তার বিপরীত নয়। তিনি সকল মাখলূকের উপরে সপ্তাকাশের উচ্চে আরশে আযীমে অবস্থান করেন। এ বিষয়ে কুরআন ও মুতাওয়াতের হাদীছে অসংখ্য উক্তি বিদ্যমান। সাহাবায়ে কেরাম ও সালাফে সালেহীনের আক্বীদা-বিশ্বাসও এটাই। আল্লাহ তা’আলা আরশে আযীমের উপরে থেকেও সমগ্র বিশ্বকে বেষ্টন করে আছেন। তিনি জানিয়েছেন যে, বান্দা যে দিকেই মুখ ফেরাবে, সে আল্লাহর সম্মুখেই থাকবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন